Advocates for Children of New York
Protecting every child's right to learn

# বিশেষ শিক্ষার আওতাভুক্ত শিক্ষার্থীদের বিদ্যালয় পরিদর্শনের সময় কী কী জিজ্ঞাসা করা যাবে

## বিদ্যালয় পরিদর্শনের ক্ষেত্রেমূল 10টি পরামর্শ

1. ব্িদ্যালয়ে কল করে পরিদর্শনের সর্বোত্তম সময় ও দিনগুলো জেনে নিন।
2. আপনার সন্তানের সর্বশেষIEP (স্বতন্ত্র শিক্ষা কার্যক্রম) এরএকটি অনুলিপি নিয়ে আসুন।
3. আপনি যে তারিখে বিদ্যালয়ে গিয়েছেন সেই তারিখ লিখে রাখুন।
4. আপনার পরিদর্শনের সময় যাদের সাথে কথাবলেছেন তাদের নাম ও পদবী লিখে রাখুন।
5. বিদ্যালয়ের কর্মীদের সাথে আপনার সন্তানকে পরিচয় করিয়ে দিন। আপনার সন্তান কোন কোন বিশেষ সেবা পাচ্ছে তা বর্ণনা করুন।
6. বাবা-মায়েদের পরিদর্শন কেমন হয় তা জিজ্ঞাসা করে নিন।
7. দূর থেকে খেয়াল করার চেষ্টা করুন; শুধু দেখুন; ক্লাসের বিঘ্ন ঘটাবেন না।
8. নোট নিন। আপনার দেখা ভালো এবং খারাপ বিষয়গুলো লিখে রাখুন।
9. কোনো কিছু নিয়ে আপনি বিভ্রান্ত হলে বা কোনো প্রশ্ন থাকলে জিজ্ঞাসা করুন।
10. মনে রাখবেন, অনেক মানুষেইতার দিকে কেউ তাকিয়ে থাকলে সে ভালো অনুভব করে না।

## বিদ্যালয়েরসামগ্রিকতথ্য

***কী কী জিজ্ঞাসা করবেন...***

- এই বিদ্যালয়ে কোন কোন গ্রেড পড়ানোহচ্ছে?
- কোন ধরনেরশারীরিক প্রতিবন্ধকতাসম্পন্ন বাচ্চাদেরকে এই বিদ্যালয়ে পড়ানো হয়?
- শিক্ষার্থীরা এই বিদ্যালয়ে সাধারণত কত বছর থাকে?
- একই ভবনে কি আরও কোনো বিদ্যালয় আছে? তারা কোনকোন গ্রেড পড়ায়? ভবনটিতে এই বিদ্যালয়ের শিক্ষার্থীরা কী অন্য বিদ্যালয়ের শিক্ষার্থীদের সাথে স্থান ভাগাভাগি করে বা তাদের সাথে মেলামেশা করে?
- আমার সন্তান কি অন্যান্য সাধারণ শিক্ষার্থীদের সাথে কোনো কার্যক্রমে অন্তর্ভুক্ত হওয়ার সুযোগ পাবে?যদি পায়, তাহলে সেটা কিভাবে হবে?
- বিদ্যালয়টিতেকি কোনোক্লাস শেষেরকার্যক্রম, কর্মসূচি, বা খেলাধুলার দল আছে? সেগুলো কী কী? এসব কার্যক্রমের জন্য কিভাবে যাতায়াত ব্যবস্থা করা হয়?
- শিক্ষার্থীরা কি ইউনিফর্ম পরিধান করে? ইউনিফর্ম কি বাধ্যতামূলক?
- প্রতিদিন কি অবকাশ কার্যক্রম থাকে? সেটা কোথায় সম্পন্ন হয়?
- কখন ও কোথায় দুপুরের খাবার দেওয়া হয়? কোনো খাবারে কারো অ্যালার্জি হলে তা কিভাবে সামাল দেওয়া হয়? প্রতিবন্ধী শিক্ষার্থীরা কি সাধারণ শিক্ষার্থীদের সাথে খাওয়া দাওয়া করে? একসাথে ক্যাফেটেরিয়াতে কতজন শিক্ষার্থী থাকে?
- শিক্ষার্থীরা কি বাইরে ভ্রমণে যায় কিংবা আশেপাশের কমিউনিটিতে যায়?
- বিদ্যালয়টি কি বছরের 12-মাসই পরিষেবা দেয়? গ্রীষ্মকালীন সময়ে শিক্ষার্থীরা কী করে?

***কী কী খেয়াল করবেন...***

- ✓ বিদ্যালয় ভবন কি পরিষ্কার-পরিচ্ছন্ন আছে?
- ✓ হলওয়ে এবং বুলেটিন বোর্ডে কী কী প্রদর্শিত আছে?
- ✓ বিদ্যালয় ভবনে কি বেশি মানুষ মনে হচ্ছে, অথবা ভবনটির যথাযথ ব্যবহার হচ্ছে না?
- ✓ বিদ্যালয়ের নির্দিষ্ট ইউনিফর্ম থাকলে শিক্ষার্থীরা কি তা পরিধান করছে?

## ক্লাসরুম বা শ্রেণীকক্ষ

***কী কী জিজ্ঞাসা করবেন...***

- আমার সন্তান কোন ক্লাসে অন্তর্ভুক্ত হবে?
- সেই ক্লাসে কতজন শিক্ষার্থী আছে?
- বিদ্যালয়ে কতজন শিক্ষক আছেন?
- কতজন সহযোগী বা প্যারাপ্রফেশনাল কর্মরত আছেন? প্যারাপ্রফেশনালদের কী কী প্রশিক্ষণ আছে?(কিছু উদাহরণ এমন হতে পারে যে আচরণ সহায়তায় প্রশিক্ষণ, স্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ ইত্যাদি)
- **শিক্ষার্থী এবং শিক্ষকদের অনুপাত কেমন? এটা আপনার** সন্তানের IEPএর সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা খেয়াল করুন।
- বাচ্চারা কি আলাদা আলাদা, ছোট ছোট দলে, বা সম্পূর্ণ একটি ক্লাসের মতো কাজ করে?
  - → কিভাবে বাচ্চাদের আলাদা কিংবা ছোট ছোট দলীয় নির্দেশনা প্রদান করা হয়?
  - → আমার সন্তানকে কখন ছোট দলে অন্তর্ভুক্ত করা হবে (যেগুলো একটি শ্রেণীকক্ষের আকারের চেয়ে ছোট হয়)?
- বিভিন্ন প্রতিবন্ধকতা থাকা শিক্ষার্থীরা কি একসাথে ক্লাস করে?
  - → তাদের কেমন প্রতিবন্ধকতা আছে?
  - → একসাথে কাদের দলবদ্ধ করতে হবে এই বিষয়ে বিদ্যালয় কিভাবে সিদ্ধান্ত নেয়?
  - → আমার বাচ্চাকে কোন ক্লাসে দেওয়া হবে তা নির্ধারণ করতে বিদ্যালয় কী কোনো নতুন পদ্ধতি বা পরীক্ষা অনুসরণ করবে? যদি তাই হয়, তাহলে কোন ধরনের পরীক্ষা?
- একই শ্রেণীকক্ষে কতগুলো গ্রেড লেভেল বা বয়সের শিক্ষার্থীকে একত্রিত করা হয়?

***কীকীখেয়ালকরবেন...***

- ✓ ভবনের কোন স্থানে শ্রেণীকক্ষ অবস্থিত?
- ✓ শ্রেণীকক্ষে কোন কোন উপকরণ সহজলভ্য আছে? এগুলো কি সহজে পাওয়া যায়, যথাযথ, আকর্ষণীয়?
- ✓ শিক্ষার্থীদের কাজকর্ম কি প্রদর্শন করা হয়?
- ✓ শিক্ষার্থীরা কী নিয়ে কাজ করছে? এগুলোকে কিভাবে আপনার সন্তানের সক্ষমতার সাথে তুলনা করবেন?
- ✓ শিক্ষার্থীরা কি তাদের বিদ্যালয় কার্যক্রমের সাথে জড়িত আছে?
- ✓ শ্রেণীকক্ষে আপনার সন্তান সহজে প্রবেশ করতে পারেকি?

## শিক্ষক

***কী কী জিজ্ঞাসা করবেন...***

- আমার সন্তানের শিক্ষক(গণ) কে/কারা হবেন?
- বিদ্যালয়ে এই শিক্ষক কত বছর যাবত পড়াচ্ছেন?
- প্রতিবন্ধকতা থাকা শিক্ষার্থীদের সাথে কাজ করার ক্ষেত্রে তাদের কত বছরের অভিজ্ঞতা আছে? বিশেষ করে আমার সন্তানের যে প্রতিবন্ধকতা আছে তা সম্পর্কিত কত বছরের অভিজ্ঞতা আছে?
- তারা শ্রেণীকক্ষে কিভাবে সহায়ক প্রযুক্তি ব্যবহার করে?
- সংশ্লিষ্ট সেবা প্রদানকারীদের সাথে তারা কিভাবে একত্রে কাজ করে?

*কীকীখেয়ালকরবেন...*

- ✓ শিক্ষার্থীদের পড়ানোর ক্ষেত্রে সাধারণভাবে শিক্ষকের কি ভালো দক্ষতা আছে?
  - → তারা কি ধাপ অনুযায়ী নির্দেশনা দেয় এবং কাজগুলো ছোট ছোট করে ভাগ করে দেয়?
  - → সেগুলো কি শিক্ষার্থীরা সহজেই বুঝতে পারে?
  - → কোনো শিক্ষার্থীর বুঝতে সমস্যা হলে শিক্ষকরা কি ভিন্ন উপায়ে সহজ ভাষায় সেই তথ্য সরবরাহ করে?
- ✓ শিক্ষক এবং সহকারীগণ কি একসাথে ভালোভাবে কাজ করতে পারছে বলে আপনার মনে হয়?
- ✓ শিক্ষার্থীরা কী তাদের শিক্ষকদেরকে পছন্দ করছে বলে মনে হয়?
- ✓ শিক্ষার্থীদেরকেকি নাম ধরে ডাকা হয়?

# কারিকুলাম

*কীকীজিজ্ঞাসাকরবেন...*

- বিদ্যালয়ের দৈনন্দিন কার্যসূচিকী? এটি কী ধারাবাহিক থাকে?
- আমার সন্তান কোন ধরনের নির্দেশনাবলিপাবে? তারা কী নিয়ে পড়াশোনা করছে...
  - → পড়া এবং লেখা?
  - → গণিত?
  - → বিজ্ঞান?
  - → সামাজিক বিজ্ঞান?
- বিদ্যালয়টি কোন কারিকুলাম বা কর্মসূচি ব্যবহার করছে?
- বিদ্যালয়টি কিভাবে বাচ্চাদের অগ্রগতিপরিমাপ করে?
- শিক্ষার্থীরা মানসম্মত কোন কোন পরীক্ষা গ্রহণ করে?
- শিক্ষার্থীরা কখন IEP লক্ষ্যসমূহ নিয়ে কাজ করে? আমার সন্তানের IEP লক্ষ্যগুলো নিয়ে কে কাজ করবে?
- কোনো শিক্ষার্থীকে কি ভিন্নভাবে মূল্যায়ন করা হয়? কতজনকে করা হয়?
- পড়াবা গণিত বিষয়ে বিদ্যালয়ে কি কোনো প্রতিকারমূলক কর্মসূচি আছে? সেটা কিভাবে কাজ করে?
  - → সব শিক্ষার্থীরাই কি প্রতিকারমূলক কর্মসূচি পায়, নাকি নির্দিষ্ট কয়েকজন?
  - → সেগুলো কতটুকু সময়ের ব্যবধানে এবং কোথায় প্রদান করা হয়?
  - → ছোট ছোট দলে নাকি আলাদা আলাদা?
  - → প্রতিকার নিশ্চিত করতে কোনো নির্দিষ্ট পড়াবা গণিত কর্মসূচি ব্যবহার করা হয়কি(এটাকে মেথোডোলজিও বলা হয়)?
  - → প্রতিকারমূলক কর্মসূচির ক্ষেত্রে কর্মীগণ কী কী প্রশিক্ষণ নিয়েছেন?
- কারিকুলামে কি দৈনন্দিন জীবনযাপনদক্ষতা অন্তর্ভুক্ত আছে? বিদ্যালয়ের কোন কোন কর্মসূচি বা অভিজ্ঞতা রয়েছে?
  - → বিদ্যালয়ের বাইরে কমিউনিটিতে বিদ্যালয়টি কি কোনো পড়াবাশেখার কার্যক্রম প্রদান করে (যেমন কোনো ব্যাংক, সুপারমার্কেট ইত্যাদিতে), যেগুলোকে প্রায়শই কমিউনিটি-ভিত্তিক নির্দেশনা বলা হয়? এগুলো দেখতে কেমন হয়?

*কীকীখেয়ালকরবেন...*

- ✓ বিদ্যালয়টি কী কী টেক্সটবুক ব্যবহার করছে? এগুলোকে দেখতে কি মেথোডোলজি/কর্মসূচির সাথে সামঞ্জস্যপূর্ণ মনে হয়?
- ✓ ছোট ছোট দলের নির্দেশনার জন্য কোনো অতিরিক্ত টেবিল আছে কি?
- ✓ সেই রুমে কে পড়াচ্ছেন?উক্তপ্যারাপ্রফেশনালব্যক্তিটি কি নির্দেশনাগুলো প্রয়োগ করছেন (যেমন- শিক্ষকের যা করা উচিত)?

# সংশ্লিষ্ট পরিষেবা

***কীকীজিজ্ঞাসাকরবেন...***

- সংশ্লিষ্ট সেবা প্রদানকারীদেরসম্পর্কে জিজ্ঞাসা করুন। বিদ্যালয়ে কি নিম্নোক্ত সেবা আছে...
  - → স্পিস–ল্যাঙ্গুয়েজ থেরাপি?
  - → অকুপেশনালথেরাপি?
  - → ফিজিক্যাল থেরাপি?
  - → কাউন্সেলিং?
  - → কাউন্সেলিং কারা দেয় (নির্দেশনা কাউন্সেলর, সামাজিক কর্মী,বা সাইকোলজিস্টরা)?
  - → বিদ্যালয়ের কি কোনো সামাজিক দক্ষতা কর্মসূচি বা দল আছে?
  - → বিদ্যালয় কি আর কোনো থেরাপি প্রদান করে?
- সপ্তাহের মধ্যে কতদিন থেরাপিস্টরা বিদ্যালয়ে থাকে এবং শিক্ষার্থীদের সাথে কাজ করে?
- সংশ্লিষ্ট পরিষেবাগুলোর জন্য বিদ্যালয় কি আমার সন্তানের সকল IEP আবশ্যকতা পূরণ করতে সক্ষম?
- এই সংশ্লিষ্ট পরিষেবাগুলোর সময়সূচী কিভাবে নির্ধারিত হয়?
- এগুলো কোথায় সম্পন্ন হয়?
- বিদ্যালয়ে কি কোনো সংবেদনশীলকক্ষঅথবা জিম আছে?

***কীকীখেয়ালকরবেন...***

- ✓ সংশ্লিষ্ট পরিষেবাগুলো প্রদানের জন্য বিদ্যালয়টিতে কি কোনো আলাদা জায়গা রয়েছে? একই জায়গায় কি একাধিক থেরাপিস্ট একসাথে কাজ করেন?
- ✓ হলওয়ে কিংবা অন্যান্য সাধারণ স্থানগুলোতে শিক্ষার্থীরা কি এই সংশ্লিষ্ট সেবাগুলো পাচ্ছে? শিক্ষার্থীরা কি মনোযোগ দিতে সক্ষম, নাকি তারা মনোযোগ হারাচ্ছে?
- ✓ বিদ্যালয়টিতে কোনো সংবেদনশীলকক্ষঅথবা জিম থাকলে সেখানে কী কী উপকরণ দেখতে পাচ্ছেন?

# আচরণমূলকমধ্যবর্তিতা

***কীকীজিজ্ঞাসাকরবেন...***

- বিদ্যালয়টি কি বিদ্যালয়–ব্যাপীআচরণ ব্যবস্থা ব্যবহার করে?
  - → বিদ্যালয় কোনো লেভেল ব্যবহার করলে, প্রতিটি লেভেলের জন্য এর মানে কি দাঁড়ায়?
  - → বিদ্যালয়টি যদি বিদ্যালয়–ব্যাপী পজিটিভ ইনসেনটিভ ব্যবহার করে থাকে তবে সেগুলো কী কী?
- শৃঙ্খলা বজায় রাখতে বিদ্যালয় কী প্রচেষ্টা নিয়েছে?
- বিদ্যালয়ে কি কোনো বোর্ড–সার্টিফাইড আচরণ বিশ্লেষক আছে?
- আচরণগত সমস্যা কিংবা সংকট বিদ্যালয়টি কিভাবে সামাল দেয়?
- বিদ্যালয়টি কি কখনো সংযম পদক্ষেপ গ্রহণ করে?
  - → কখন সংযম পদক্ষেপ নিতে হবে তা বিদ্যালয় কিভাবে সিদ্ধান্ত নেয়?
  - → সংযম পদক্ষেপ নেওয়ার ক্ষেত্রে কর্মীরা কি প্রশিক্ষিত?
  - → গত মাসে কতজন শিক্ষার্থীর প্রতি এই সংযম পদক্ষেপ নেওয়া হয়েছে?
- এর মধ্যে কি কোনো “টাইম-আউট” কক্ষ আছে?
  - → শিক্ষার্থীদেরকে কখন সেখানে পাঠানো হয়?তারা “টাইম-আউট” কক্ষে সাধারণত কতক্ষণ থাকে?
  - → সেখানে গত মাসে কতজন শিক্ষার্থী গিয়েছিল?
  - → “টাইম-আউট” কক্ষে শিক্ষার্থীদেরকে কোন ব্যক্তি তত্ত্বাবধান করে?
  - → আমি কি সেই কক্ষ দেখতে পারি?

*কীকীখেয়ালকরবেন...*

- ✓ শিক্ষকরা কি শ্রেণীকক্ষ নিয়ন্ত্রণে রাখতে পারে?
- ✓ শিক্ষার্থীরা কি একা একা হলওয়েতে ঘুরে বেড়াচ্ছে?
- ✓ বিদ্যালয় কর্মীরা কি শিক্ষার্থীদের ধমক দেয়?শিক্ষার্থীরাও কি কারো সাথে চিৎকার করে কথা বলছে?
- ✓ কোনো বিঘ্ন ঘটলে বিদ্যালয় কর্মীরা তা কিভাবে সামাল দেয়?
- ✓ ক্লাসের পরিবর্তন অথবা দুই ক্লাসের মধ্যবর্তী বিরতিকে শিক্ষার্থীরা কিভাবে নেয়?

## বাবা-মায়েরঅন্তর্ভুক্তি

*কীকীজিজ্ঞাসাকরবেন...*

- বাবা-মায়েরা কি শ্রেণীকক্ষ পর্যবেক্ষণ করতে পারে?তাদেরকে কি আগে থেকে অ্যাপয়েন্টমেন্ট নিতে হয়?
- শিক্ষক বা থেরাপিস্টের সাথে কিভাবে বাবা-মায়েরা যোগাযোগ করতে পারে?
- কখন/কিভাবে বাবা-মায়েদের কনফারেন্স অনুষ্ঠিত হয়? বিদ্যালয়ের কর্মীগণ কি নিয়মিত বাবা-মায়েদের সাথে সাক্ষাৎ করে?
- কখন এবং কিভাবে বাচ্চাদের অগ্রগতিররিপোর্টশেয়ার করা হয়?
- কোনো অভিভাবক সংস্থা কিংবা সহায়তা দল বিদ্যালয়ে সহজলভ্য আছে কি?
- বিদ্যালয় কি বাবা-মায়েদের প্রশিক্ষণ দেয়?

*কীকীখেয়ালকরবেন...*

- ✓ ভবনে প্রবেশ করলে আপনাকে কিভাবে স্বাগতম জানানো হয়?
- ✓ বিদ্যালয়ে বাবা-মায়েদের আসার জন্য কোনো স্বাগতম লেখা সাইনবোর্ড আছে কি?
- ✓ সাইনবোর্ড এবং উপকরণ অন্যান্য ভাষায় অনুবাদ করা আছে কি?
- ✓ আপনার পরিদর্শনের সময় অন্য বাচ্চাদের বাবা-মায়েরাও কি এসেছে? তারা বিদ্যালয়টি কেমনপছন্দ করেছে?
- ✓ বিদ্যালয়ের কর্মীরা বাবা-মায়েদের সাথে কেমন আচরণ করে? তাদের দেখতে কি হতাশ মনে হয়?

## স্থানান্তর/পোস্ট-সেকেন্ডারিসহায়তা

*কীকীজিজ্ঞাসাকরবেন...*

- শিক্ষার্থীদের কখন একটু তুলনামূলক কম নিয়ন্ত্রিত স্থানে পাঠানো হয়?
  - → শিক্ষার্থীরা বিদ্যালয় ছেড়ে যেতে প্রস্তুত কিনা তা কর্তৃপক্ষ কিভাবে নির্ধারণ করে?
- বিদ্যালয় ছাড়ার পরে অধিকাংশ শিক্ষার্থীরা কোথায় যায়?
- স্থানান্তরপরিকল্পনা সম্পন্ন করার দায়িত্ব কার?
- শিক্ষার্থীরা কি ইন্টার্নশিপ বা ভোকেশনাল কর্মসূচিতে অংশগ্রহণ করে?
  - → সেটা দেখতে কেমন হয়?
  - → এসব কর্মসূচিতে কারা অংশ নেয় সে বিষয়ে বিদ্যালয় কিভাবে সিদ্ধান্ত নেয়?
  - → এসব কর্মসূচি কি বিদ্যালয়ে হয় নাকি কমিউনিটিতে সম্পন্ন হয়?
- কোনো কলেজ এবং ক্যারিয়ার অফিস আছে কি?

কপিরাইট © জানুয়ারী 2022 এডভোকেটস ফর চিলড্রেন অফ নিউ ইয়র্ক, ইনক.